


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




রোববার | ১৭ সেপ্টেম্বর ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ১৩ সংখ্যা | ২ আশ্বিন ১৪৩০ সাল | ১ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি | ১২ পৃষ্ঠা | ৭ টাকা

# নৈতিকতার সাথে গুণগত মান সমন্বয় করার নীতিতে আইআইইউসি

**হাবীবুর রহমান**



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম। সংক্ষেপ রূপ হল আইআইইউসি। সীতাকুণ্ডের কুমিরায় অবস্থিত বিশ্ববিদ্যালয়টি ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়।

সরকার অনুমোদিত শীর্ষ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নিঃসন্দেহে এটি অন্যতম। অন্যান্য বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সাথে পাল্লা দিয়ে শিক্ষার প্রসারে গুরুত্বপুর্ণ অবদান রাখছে। পাহাড় এবং সমুদ্রের কোলে অবস্থিত এই বিশ্ববিদ্যালয়ের পুরোটাজুড়েই রয়েছে সবুজের আনাগোনা। চট্টগ্রাম শহর থেকে এর দূরত্ব প্রায় ২২ কিলোমিটার। যাতায়াতের জন্য রয়েছে পরিবহন ব্যবস্থা। ১১০ টিরও বেশি যানবাহন প্রতিদিন শিক্ষার্থী, শিক্ষক এমনকি স্টাফদের নিয়ে গন্তব্যে ছুটেন। বিশ্ববিদ্যালয়টির নীতি হচ্ছে, নৈতিকতার সাথে গুণগত মান সমন্বয় করা। বর্তমানে বিশ্ববিদ্যালয়টিতে ছয়টি অনুষদ রয়েছে। এরমধ্যে রয়েছে- শরীয়াহ ও ইসলামিক স্টাডিজ অনুষদ, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ, ব্যবসায়িক শিক্ষা অনুষদ, কলা ও মানবিক অনুষদ, আইন অনুষদ ও সামাজিক বিজ্ঞান অনুষদ।

বিভাগ রয়েছে ১৪ টি। কুরআনিক সাইন্সেস এন্ড ইসলামিক স্টাডিজ (কিউএসআইএস), দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ (ডিআইএস), সায়েন্সেস অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ (এসএইচআইএস), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই), ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই), কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (সিসিই), ইলেক্ট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইটিই), সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই), ফার্মেসি, ব্যবসায় প্রশাসন, অর্থনীতি ও ব্যাংকিং, ইংরেজি ভাষা ও সাহিত্য (ইএলএল), আইন (এলএলবি) অনার্স এবং আরবি ভাষা ও সাহিত্য (এএলএল)। মাস্টার্স প্রোগ্রামের মধ্যে রয়েছে- কুরআনিক সাইন্সেস এন্ড ইসলামিক স্টাডিজে এমএ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ, সায়েন্সেস অব হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ব্যবসায় প্রশাসন, ব্যাংক ব্যবস্থাপনা, ইংরেজি ভাষা ও সাহিত্য এবং ইংরেজি ভাষা শিক্ষা (ইএলটি) (এমএ এন্ড প্রিলিমিনারী), অর্থনীতি এবং ব্যাংকিং এ এমএসএস, আইন (এলএলএম প্রিলিমিনারী এন্ড ফাইনাল)। গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে স্নাতকোত্তর ডিপ্লোমা নামের একটি ডিপ্লোমা প্রোগ্রামও আইআইইউসিতে চালু রয়েছে বলে সূত্র জানায়।

সুনামের সাথে দীর্ঘ পথ পাড়ি দিয়ে আসা আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ে থাকা সেন্টার ফর রিসার্চ অ্যান্ড পাবলিকেশন (সিআরপি) সব ধরণের গবেষকদের অন্যতম ঠিকানা। গত পাঁচ বছর ধরে আইআইইউসি শিক্ষকদের দ্বারা বার্ষিক প্রকাশিত গবেষণা নিবন্ধের গড় সংখ্যা ১৬০ টিরও বেশি। এছাড়া বিশ্ববিদ্যালয়টিতে রয়েছে, বঙ্গবন্ধু রিসার্চ সেন্টার ফর ইসলাম অ্যান্ড ইন্টাররিলিজিয়াস ডায়ালগ (বিআরসিআইআইডি) ও বিদেশী ভাষা ইনস্টিটিউট, আইআইইউসি কেন্দ্রীয় গ্রন্থাগার। আইআইইউসি কেন্দ্রীয় গ্রন্থাগারে একটি সম্পূর্ণ স্বয়ংক্রিয় এবং ওয়েব-ভিত্তিক ডিজিটাল লাইব্রেরী রয়েছে, যেখানে প্রায় ৯৪ হাজার বই, ২১৫১টি জার্নাল এবং ৫১৫টি অডিও-ভিজ্যুয়াল সামগ্রী। বর্তমানে আইআইইউসিতে ১২ হাজার ছাত্র-ছাত্রী রয়েছে। শিক্ষক রয়েছে ৪৫৭ জন।

বিশ্ববিদালয়সূত্র জানায়, আইআইইউসি আইএসইএসসিও'র অধীনে ফেডারেশন অফ দ্য ইউনিভার্সিটিজ অফ দ্য ইসলামিক ওয়ার্ল্ড এবং কমনওয়েলথ ইউনিভার্সিটিজের মতো মর্যাদাপূর্ণ সংস্থাগুলির সদস্যপদ অর্জনে সফল হয়েছে। আইআইইউসি সম্প্রতি আইইইই'র সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের অধীনে আইইইই শাখা (পুরুষ ও মহিলা) খুলতে সফল হয়েছে। আইআইইউসিতে ব্রিটিশ কাউন্সিল স্যাটেলাইট লাইব্রেরী প্রতিষ্ঠিত হয়েছে। সিসিই, সিএসই এবং ইইই'র স্নাতক প্রোগ্রামগুলি ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশনের জন্য বোর্ড অফ অ্যাক্রিডিটেশন দ্বারা স্বীকৃত হয়েছে এবং ফার্মেসি প্রোগ্রাম বাংলাদেশ ফার্মাসি কাউন্সিল দ্বারা স্বীকৃত হয়েছে। এছাড়া এলএলবি প্রোগ্রাম ও এলএলএম প্রোগ্রাম বাংলাদেশ বার কাউন্সিল কতৃক স্বীকৃত। আইআইইউসি শিক্ষা, নৈতিকতা, জ্ঞানের ইসলামীকরণ ইত্যাদি সম্পর্কিত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে ১৬টি আন্তর্জাতিক সম্মেলন সফলভাবে আয়োজন করেছে বলেও বিশ্ববিদ্যালয়টির সংশ্লিষ্টরা জানিয়েছেন।

**নবগঠিত বিওটি এবং এর যুগান্তকারী পদক্ষেপ:**

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের নবগঠিত বোর্ড অব ট্রাস্টিজ স্বল্প সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়কে একাডেমিক এবং অবকাঠামোগত উভয় স্তরে শক্তিশালী করার জন্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। তাদের মধ্যে কয়েকটি হল- গবেষণা ও প্রকাশনাকে শক্তিশালী করার জন্য পদক্ষেপ, বিশ্বের বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের সাথে একাডেমিক সহযোগিতা চালু, মেধাবী শিক্ষার্থীদের জন্য বিদেশী বৃত্তি ব্যবস্থা, সরকারি তহবিল দ্বারা ক্যাম্পাসে রাস্তার উল্লেখযোগ্য উন্নতি, ৫নং একাডেমিক বিল্ডিংয়ের নির্মাণ কাজ সম্পন্ন করা, মহিলা একাডেমিক জোনে আইন বিভাগের জন্য ভবন নির্মাণ, একাডেমিক এবং অবকাঠামোগত উন্নয়নের জন্য জাতীয় এবং আন্তর্জাতিক দাতা থেকে অনুদান সংগ্রহ করা। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজ এর সংস্কার করা হয়েছে। বর্তমানে বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী নেতৃত্ব দিচ্ছেন।

বিশ্ববিদ্যালয়সূত্র জানায়, আইআইইউসিতে শাটল ট্রেন চালুর জন্য সম্প্রতি ট্রেন স্টেশনের কাজ শুরু হয়েছে।

*লেখক : স্টাফ রিপোর্টার, দৈনিক আজাদী*

Ref: Dainik Azadi, Date: 17 September 2023, Page: 6, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2023-09-17

গ্রেড A ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036



দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক



ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮



রোববার | ১৭ সেপ্টেম্বর ২০২৩ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ১৩ সংখ্যা | ২ আশ্বিন ১৪৩০ সাল | ১ রবিউল আউয়াল ১৪৪৫ হিজরি | ১২ পৃষ্ঠা | ৭ টাকা


# আমাদের পরিকল্পনা হচ্ছে, আধুনিক ও প্রযুক্তি নির্ভর শিক্ষাদান অব্যাহত রাখা

## উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ

আজাদী প্রতিবেদন



আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) উপাচার্য প্রফেসর মো. আনোয়ারুল আজিম আরিফ বলেছেন, আমাদের প্রতিষ্ঠান পাহাড় আর সমুদ্রের কোলে অবস্থিত। চারদিকে সবুজ আর সবুজ। প্রকৃতির মধ্যে থেকেই ছাত্র-ছাত্রীরা পড়াশোনা করছে। শহর থেকে ক্যাম্পাসে যেতে যানবাহনের ব্যবস্থা রয়েছে। টাইম টু টাইম যানবাহন ক্যাম্পাস থেকে শহরে এবং শহর থেকে ক্যাম্পাসে যাতায়াত করে। শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষক, এমনকি স্ট্যাফরাও এই সেবা নিচ্ছেন। মূলত নৈতিকতার সাথে গুণগত মান সমন্বয়ে বেশি জোর দিয়ে থাকে আইআইইউসি উল্লেখ করে উপাচার্য বলেন, নৈতিকতা রয়েছে, অথচ গুনগত মান নেই। আবার গুনগত মান রয়েছে, নৈতিকতা নেই। আমরা এমনটা চাই না। আমাদের নীতি হচ্ছে, নৈতিকতার সাথে গুনগত মানের সমন্বয় করা। উপাচার্য বলেন, আইআইইউসিতে অনেকগুলো পোগ্রামগুলো রয়েছে। তাতে ছাত্র-ছাত্রীদের সাড়া মিলছে, আগ্রহ বেড়ে গেছে। এর ফলে ভর্তি বেড়েছে অনেকটাই। ছাত্র–ছাত্রীদের কাছে পছন্দের বিশ্ববিদ্যালয়ে পরিণত হযেছে আইআইইউসি। ক্যাম্পাসে নতুন নতুন স্থাপনা তৈরী করা হয়েছে উল্লেখ করে তিনি বলেন, আইআইইউসিতে সুজজ্জিত লাইব্রেরী রয়েছে। এয়ার কন্ডিশনের ব্যবস্থা রয়েছে। সায়েন্স ল্যাবকে সাজানো হয়েছে। পড়াশোনার জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধা রয়েছে। এ জন্য আইআইইউসি চট্টগ্রামে শিক্ষার প্রসারে অনেক ভালো কাজ করছে। বিজনেস ফ্যাকাল্টিসহ আরো কিছু ফ্যাকাল্টি সাড়া ফেলছে। নতুন নতুন পোগ্রাম চালুর পরিকল্পনা রয়েছে। এরমধ্যে ত্রিপলি, ফিনান্স বিভাগও রয়েছে। আইআইইউসি লিডিং ইউনিভার্সিটি। এর রয়েছে বিশাল ক্যাম্পাস। আমাদের পরিকল্পনা হচ্ছে, আধুনিক ও প্রযুক্তি নির্ভর শিক্ষাদান অব্যাহত রাখা। চট্টগ্রামে শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাবে আইআইইউসি বলেও জানান তিনি।

Ref: Dainik Azadi, Date: 17 September 2023, Page: 6, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2023-09-17